দৈনিক ইত্তেফাক

১৬/৯/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮

# ত্রিশ হাজার ছাত্রছাত্রীর শিক্ষাজীবন নিয়ে ভিসি আজাদ চৌধুরী ছিনিমিনি খেলছেন ছাত্রদল

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয়তাবাদী ছাত্রদলের ডাকে লাগাতার ছাত্র ধর্মঘটের ২৯তম দিন গতকাল (শনিবার) শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে। ধর্মঘটের সমর্থনে ছাত্রদল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। কলাভবনের প্রধান গেটে সমাবেশে ছাত্রদলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এবিএম মোশাররফ হোসেন বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩০ হাজার ছাত্রছাত্রীর শিক্ষাজীবন নিয়ে আজাদ চৌধুরী ছিনিমিনি খেলছেন। এটা জাতির নিকট স্পষ্ট। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ নিশ্চিত করার জন্য অবিলম্বে আওয়ামী দালাল ভিসির পদত্যাগ করা উচিত। তিনি বলেন, দালাল ভিসি আজাদ চৌধুরীর পদত্যাগ ব্যতীত ছাত্রদল তাদের যৌক্তিক আন্দোলন হতে পিছু হটবে না। সমাবেশ ও মিছিলে সদ্য কারামুক্ত ছাত্রদল কেন্দ্রীয় সংসদের যুগ্ম সম্পাদক ফরহাদ হোসেন আজাদকে বিপুল সংবর্ধনা প্রদান করা হয়। সামবেশে আরো বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন প্রমুখ।